গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-১).০০১.২০-৮৮৯ তারিখ: ১১ /০৮/২০২১ খ্রি.

**বিষয়: ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট (পঞ্চম সপ্তাহ) বিতরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিত জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩৭.০০৩.২১.৪২৭; তারিখ: ২৪ জুলাই ২০২১ খ্রি. জারীকৃত পত্রের মাধ্যমে ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের চলমান অ্যাসাইনমেন্ট বিতরণ কার্যক্রম সাময়িক স্থগিত সংক্রান্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অ্যাসাইনমেন্ট বিতরণ কার্যক্রম যথা নিয়মে চালু থাকবে। তৎপ্রেক্ষিত ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের পঞ্চম সপ্তাহের অ্যাসাইনমেন্ট বিতরণ করা হলো।

এমতাবস্থায়, ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের পঞ্চম সপ্তাহের অ্যাসাইনমেন্ট সকল শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত: অ্যাসাইনমেন্ট (পঞ্চম সপ্তাহ)**

১১/০৮/২০২১
**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

**বিতরণ:**

১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[অ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. সংরক্ষণ নথি

# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: জীব বিজ্ঞান  বিষয় কোড: ১৩৮  স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| ১<br>ষষ্ঠ অধ্যায়:<br>জীবে পরিবহন | পরিবারের একজন সদস্যের পালস রেট বিভিন্ন অবস্থায় পরিমাপ করে পাঠসমূহের ব্যাখ্যা প্রদান। | • সঠিকভাবে রক্তচাপ ও পালস রেট পরিমাপ করতে পারব।<br>• বিশ্রামরত অবস্থায় এবং শরীরচর্চার পর রক্তচাপ ও পালস রেট পরিমাপ করতে এবং দুই অবস্থানে পরিমাপকৃত রক্তচাপ ও পালস রেট বিশ্লেষণ করতে পারব। | (নিচে দেখুন) | (নিচে দেখুন) |

**নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)**


- পালস রেট বা নাড়িস্পন্দন পরিমাপের পদ্ধতি যথাযথভাবে অনুসরণ কর (জীববিজ্ঞান পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১৫০-১৫১ দ্রষ্টব্য)।
- প্রথমে খাতায় নিচের মতো ছক আঁকতে হবে।

| অবস্থা / ধাপ | পালস রেট (প্রতি মিনিটে) |
|---|---|
| ১) শোয়া অবস্থায় | |
| ২) বসা অবস্থায় | |
| ৩) দাঁড়ানো অবস্থায় | |
| ৪) পাঁচ মিনিট দ্রুতবেগে হাঁটার পরে | |

- পরিবারের একজন সুস্থ্য সদস্যকে তোমার পরীক্ষণে অংশ নিতে অনুরোধ করবে। তোমার নির্দেশনা বুঝতে সক্ষম এমন ব্যক্তি হতে হবে। তাঁকে পুরো বিষয়টি বুঝিয়ে বলার পর তিনি সম্মতি দিলে পরীক্ষণ শুরু করা যাবে।
- সাবধানতা: অনুমতি ছাড়া কারো উপর পরীক্ষণ করা যাবে না। নিজের উপর পরীক্ষণ করা যাবে না।
- পরীক্ষণাধীন ব্যক্তিকে পরীক্ষণের পূর্বে ৬ ঘন্টা চা-কফি বা ধূমপান থেকে বিরত থাকতে হবে। তাঁকে পরীক্ষণের সময় শান্ত ও শিথিল (relaxed) থাকতে হবে। তাই সকালে ঘুম থেকে ওঠার পরপর পরীক্ষণটি করার আদর্শ সময়।
- উপরের ছক অনুসারে প্রথমে শোয়া অবস্থায় পালস রেট নির্ণয় করে ছকে পাঠ লিখতে হবে। তারপর যথাক্রমে বসা ও দাঁড়ানো অবস্থায় পাঠ নিতে হবে এবং ছকে লিখতে হবে। সবশেষে পাঁচ মিনিট দ্রুতবেগে হাঁটার পরে দাঁড়ানো অবস্থায় পালস রেট নির্ণয় করে ছকে পাঠ লিখতে হবে।
- উল্লিখিত ছক ব্যবহার করে লেখচিত্র আঁকতে হবে।
উদাহরণ:
শোয়া, বসা, দাঁড়ানো এবং হাঁটার পরে প্রতি মিনিটে পালস রেট যদি যথাক্রমে ৭০, ৭৫, ৮৫ এবং ১০০ হয় তাহলে তার লেখচিত্রটি এরকম হবে-

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| পালস রেট নির্ণয় | চারটি পাঠের প্রতিটি নির্ণয় করা হয়েছে। | চারটি পাঠের তিনটি নির্ণয় করা হয়েছে। | চারটি পাঠের দুটি নির্ণয় করা হয়েছে। | চারটি পাঠের একটি নির্ণয় করা হয়েছে। | |
| চারটি ধাপ ধারাবাহিক ভাবে নির্ণয় | নির্দেশনা অনুসারে পালস রেটের পাঠসমূহ ধারাবাহিক ভাবে নির্ণয় করা হয়েছে। | নির্দেশনা অনুসারে পালস রেটের পাঠসমূহ নির্ণয় করার ধাপসমূহের ধারাবাহিকতা আংশিকভাবে রক্ষিত হয়নি। | নির্দেশনা অনুসারে পালস রেটের পাঠসমূহ নির্ণয় করার ক্ষেত্রে ধাপসমূহের ধারাবাহিকতা একেবারেই রক্ষিত হয়নি। | পালস রেট নির্ণয় করা হয়েছে তবে কোনো ধাপের উল্লেখ নেই। | |
| লেখচিত্রের কাঠামো | লেখচিত্রের কাঠামো গ্রহণযোগ্যভাবে আঁকা হয়েছে। | লেখচিত্রের উল্লম্ব বা অনুভূমিক অক্ষের যেকোনো একটি গ্রহণযোগ্যভাবে আঁকা হয়নি। | লেখচিত্রের উল্লম্ব ও অনুভূমিক অক্ষের কোনোটিই গ্রহণযোগ্যভাবে আঁকা হয়নি। | লেখচিত্রের বিন্দুগুলো গ্রহণযোগ্যভাবে স্থাপন করা হয়নি। | |
| লেখচিত্রের লেবেল | লেখচিত্রের সবগুলো লেবেল গ্রহণযোগ্যভাবে প্রদান করা হয়েছে। | লেখচিত্রের শিরোনাম এবং উল্লম্ব বা অনুভূমিক অক্ষের যেকোনো একটি গ্রহণযোগ্যভাবে লেবেল করা হয়নি। | লেখচিত্রের শিরোনাম, উল্লম্ব ও অ ুভূমিক অক্ষের মধ্যে একাধিক লেবেল গ্রহণযোগ্যভাবে করা হয়নি। | লেখচিত্রের শিরোনাম, উল্লম্ব ও অনুভূমিক অক্ষের কোনোটিই গ্রহণযোগ্যভাবে লেবেল করা হয়নি। | |
| কারণ ব্যাখ্যা | চারটি দশায় পালস রেটের পার্থক্যের কারণ গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করা হয়েছে। | তিনটি দশায় পালস রেটের পার্থক্যের কারণ গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করা হয়েছে। | দুটি দশায় পালস রেটের পার্থক্যের কারণ গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করা হয়েছে। | পালস রেটের পার্থক্যের কারণ গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করা হয়নি তবে আংশিক আলোচনা করা হয়েছে। | |
| | | | | মোট- | |
| | | | | বরাদ্দকৃত নম্বর- ২০ | |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td></td>
<td>

<ul><li>বিভিন্ন অবস্থায় পালস রেটের পার্থক্য কেন হয় তা ব্যাখ্যা করতে হবে। [সর্বনিম্ন ৩০ থেকে সর্বোচ্চ ৫০ শব্দে]</li></ul></td>
<td></td>
</tr>
</table>

| **নম্বরের ব্যপ্তি** | **মন্তব্য** |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০০-০৯ | অগ্রগতি প্রয়োজন |

# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং　　　　বিষয় কোড: ১৫২　　　　স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নির্দেশক | ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
| ১ | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়নের সম্পর্ক বিশ্লেষণ | • অর্থায়নের ধারণা বর্ণনা করতে পারবে<br>• অর্থায়নের শ্রেণিবিভাগ বিশ্লেষণ করতে পারবে | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়নের সম্পর্ক বিশ্লেষণের ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো ধারাবাহিকভাবে বিবেচনায় নিয়ে দুটি খাতের সম্পর্ক বিশ্লেষণ করে ২০০ শব্দের মধ্যে অ্যাসাইনমেন্ট সম্পন্ন করতে হবে।<br>• অর্থায়নের ধারণা<br>• অর্থায়ন প্রক্রিয়া<br>• অর্থের উৎস<br>• ব্যয়ের খাত | অর্থায়নের ধারণা | উদাহরণসহ অর্থায়নের ধারণা নির্ভুলভাবে যথাযথ ব্যাখ্যা করলে | উদাহরণসহ অর্থায়নের ধারণা যথাযথ ব্যাখ্যা করলে | উদাহরণ ছাড়া অর্থায়নের ধারণা যথাযথ ব্যাখ্যা করলে | অর্থায়নের ধারণার আংশিক ব্যাখ্যা করলে | |
| | | | | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন প্রক্রিয়া | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন প্রক্রিয়ার উদাহরণসহ যথাযথ ব্যাখ্যা করলে | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন প্রক্রিয়ার উদাহরণসহ ব্যাখ্যা করলে | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন প্রক্রিয়ার ব্যাখ্যা করলে | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন প্রক্রিয়ার আংশিক ব্যাখ্যা করলে | |
| | | | | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়নে অর্থের উৎস (পাঠ্য বইয়ের আলোকে) | সরকারি ও ব্যবসায় অর্থায়নে দেশীয় ও বৈদেশিক উৎসের ৪টি উৎস চিহ্নিত করে ব্যাখ্যা করলে | সরকারি ও ব্যবসায় অর্থায়নে দেশীয় ও বৈদেশিক উৎসের ৩টি উৎস চিহ্নিত করে ব্যাখ্যা করলে | সরকারি ও ব্যবসায় অর্থায়নে দেশীয় ও বৈদেশিক উৎসের ২টি উৎস চিহ্নিত ও ব্যাখ্যা করলে | সরকারি ও ব্যবসায় অর্থায়নে দেশীয় ও বৈদেশিক উৎসের ১টি উৎস চিহ্নিত করলে অথবা ১টি উৎসের আংশিক ব্যাখ্যা করলে | |
| | | | | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়নে ব্যয়ের খাত (পাঠ্য বইয়ের আলোকে) | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়নে ব্যয়ের যথাযথ খাত উল্লেখপূর্বক ব্যাখ্যা করলে | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়নে ব্যয়ের খাত উল্লেখপূর্বক ব্যাখ্যা করলে | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়নে ব্যয়ের যথাযথ খাত উল্লেখ করলে | সরকারি অর্থায়ন ও ব্যবসায় অর্থায়নে ব্যয়ের খাত আংশিক উল্লেখ করলে | |
| | | | | | | | | মোট- | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ৯-১২ | উত্তম |
| ৫-৮ | ভালো |
| ৪ বা ৪ এর কম | অগ্রগতি প্রয়োজন |

# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পৌরনীতি ও নাগরিকতা | বিষয় কোড: ১৪০ | স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) |
|---|---|---|---|
| ১ | আদর্শ পরিবার ও সমাজ গঠন এবং আধুনিক রাষ্ট্র ও সরকার বিনির্মানে তুমি কিভাবে পৌরনীতি ও নাগরিকতার জ্ঞান প্রয়োগ করবে। | ❖ পৌরনীতি পাঠের বিষয়ে ধারনা ব্যাখ্যা করতে পারবে<br>❖ পৌরনীতি পাঠের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে<br>❖ পরিবার, সমাজ, রাষ্ট্র ও সরকারের ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>❖ পরিবার, সমাজ রাষ্ট্র ও সরকারের সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে। | প্রথম অধ্যায়ঃ<br>(পৌরনীতি ও নাগরিকতা)<br>১। পৌরনীতি ও নাগরিকতা<br>২। পরিবার<br>৩। সমাজ<br>৪। রাষ্ট্র<br>৫। সরকার |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| পৌরনীতি ও নাগরিকতার ধারণা | পৌরনীতি ও নাগরিকতার ধারণাটি সঠিকভাবে ব্যাখ্যা করেছে। | শুধু পৌরনীতির ধারণাটি ব্যাখ্যা করেছে। | শুধু নাগরিকতার ধারণাটি সঠিকভাবে ব্যাখ্যা করেছে। | পৌরনীতি ও নাগরিকতার ধারণাটি কোনোটিই সঠিকভাবে ব্যাখ্যা করতে পারেনাই। | |
| পরিবারের কার্যাবলির তালিকা প্রস্তুত | পরিবারের কার্যাবলির ধারাবাহিকতা বজায় রেখেছে। | পরিবারের কার্যাবলির অধিকাংশ ধারাবাহিকতা বজায় রেখেছে। | পরিবারের কার্যাবলির আংশিক ধারাবাহিকতা বজায় রেখেছে। | পরিবারের কার্যাবলির ধারাবাহিকতা অস্পষ্টতা রয়েছে। | |
| সমাজ সম্পর্কে ধারণা | সমাজ সম্পর্কে সঠিক ধারণা দিয়েছে। | সমাজ সম্পর্কে অধিকাংশ ধারণা দিয়েছে | সমাজ সম্পর্কে আংশিক ধারণা দিয়েছে। | সমাজ সম্পর্কে অস্পষ্ট ধারণা দিয়ে। | |
| আধুনিক রাষ্ট্রের ভূমিকা | আধুনিক রাষ্ট্রের ভূমিকা সঠিকভাবে দিয়েছে। | আধুনিক রাষ্ট্রের ভূমিকা অধিকাংশ দিয়েছে। | আধুনিক রাষ্ট্রের ভূমিকা আংশিক দিয়েছে। | আধুনিক রাষ্ট্রের ভূমিকা অস্পষ্টভাবে বর্ণনা করেছে। | |
| রাষ্ট্র ও সরকারের সম্পর্ক | রাষ্ট্র ও সরকারের সম্পর্কের ধারণাটি সঠিকভাবে দিয়েছে। | রাষ্ট্র ও সরকারের সম্পর্কের ধারণাটি অধিকাংশ দিয়েছে। | রাষ্ট্র ও সরকারের সম্পর্কের ধারণাটি আংশিক দিয়েছে। | রাষ্ট্র ও সরকারের সম্পর্কের ধারণাটি অস্পষ্টভাবে বর্ননা করেছে। | |
| | | | | মোট- | |
| | | | | বরাদ্দকৃত নম্বর- ২০ | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০০-০৯ | অগ্রগতির প্রয়োজন |

# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয় | বিষয় কোড: ১৫০ | স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) |
|---|---|---|---|
| ০২<br>চতুর্থ অধ্যায়: বাংলাদেশের ভূ-প্রকৃতি ও জলবায়ু,<br>পাঠ: ভূমিকম্প | সম্প্রতি সংঘটিত বিশ্বের কয়েকটি দেশের বড় ধরনের ভূমিকম্পের কারণ, উৎস ও ক্ষয়ক্ষতি সম্পর্কে তালিকা প্রস্তুত কর।<br>বাংলাদেশে এ ধরনের কোনো ভূমিকম্প সংঘটিত হলে এবং বিপুল ক্ষয়ক্ষতি হলে সেক্ষেত্রে স্বেচ্ছাসেবক হিসাবে তোমার করণীয় সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি কর। | • ভূমিকম্পের ধারনা ব্যাখ্যা করতে পারবে।<br>• ভূমিকম্পের কারণ ব্যাখ্যা করতে পারবে।<br>• ভূমিকম্পের ফলাফল ব্যাখ্যা করতে পারবে।<br>• ভূমিকম্প ঝুঁকি মোকাবিলায় বাংলাদেশের প্রস্তুতি ও প্রয়োজনীয় পদক্ষেপ ব্যাখ্যা করতে পারবে।<br>• ভূমিকম্প পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় সহযোগিতার মনোভাব তৈরি করবে। | • সূচনা<br>• যেকোনো ৪টি দেশের ভূমিকম্পের কারণ ও উৎস উল্লেখ করবে।<br>• ঐ ৪টি দেশের ভূমিকম্পের ক্ষয়ক্ষতির তালিকা করবে (চিত্রসহ)।<br>• বাংলাদেশের মানচিত্র অঙ্কন করে ভূমিকম্প প্রবণ এলাকা চিহ্নিত করবে।<br>• স্বেচ্ছাসেবক হিসেবে তোমার করণীয় (পাঠ্যপুস্তক, ইন্টারনেট, সংবাদ মাধ্যম, বিভিন্ন ব্যক্তির কাছ থেকে তথ্য সংগ্রহ করবে।)<br>• প্রতিবেদনের ধাপ অনুসরণ করে ৪০০ শব্দের মধ্যে প্রতিবেদনটি প্রণয়ন করতে হবে। |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ভূমিকম্পের কারণ ও উৎস | ৪টি দেশের কারণ ও উৎস উল্লেখ করলে | ৩টি দেশের কারণ ও উৎস উল্লেখ করলে | ২টি দেশের কারণ ও উৎস উল্লেখ করলে | ১টি দেশের কারণ ও উৎস উল্লেখ করলে | |
| ক্ষয়ক্ষতির তালিকা | ৪টি দেশের তালিকা উল্লেখ করলে (চিত্রসহ) | ৩টি দেশের তালিকা উল্লেখ করলে (চিত্রসহ) | ২টি দেশের তালিকা উল্লেখ করলে (চিত্র বাদে) | ১টি দেশের তালিকা উল্লেখ করলে (চিত্র বাদে) | |
| মানচিত্র অংকন ও ভূমিকম্প প্রবণ অঞ্চল চিহ্নিত করণ | সঠিক মানচিত্র অংকন ও ৩টি বলয় চিহ্নিতকরণ | সঠিক মানচিত্র অংকন ও ২টি বলয় চিহ্নিতকরণ | ক্রটিযুক্ত মানচিত্র অংকন ও ১টি বলয় চিহ্নিতকরণ | শুধু মানচিত্র অংকন করলে | |
| করণীয় সম্পর্কে প্রতিবেদন লেখা | নির্দেশনা অনুসারে তথ্যসমৃদ্ধ সৃজনশীল লেখা | নির্দেশনা অনুসারে অধিকাংশ তথ্য সমৃদ্ধ লেখা | নির্দেশনা অনুসারে আংশিক তথ্য সমৃদ্ধ লেখা | নির্দেশনা অনুসারে যথাযথ তথ্যের অনুপস্থিতি থাকলে | |
| | | | | মোট- | |

বরাদ্দকৃত নম্বর- ১৬

বি.দ্র. যথাযথ= ৮০% - ১০০% সঠিক, অধিকাংশ=৭০% - ৭৯% সঠিক এবং আংশিক= ৬৯% - ৫০% সঠিক

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ০-৭ | অগ্রগতি প্রয়োজন |

# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বিজ্ঞান বিষয় কোড: ১২৭ স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| ২ | নিজ এলাকার পানির উৎস দূষণের কারণ অনুসন্ধান, প্রভাব বিশ্লেষণ এবং প্রতিকারে সুপারিশ প্রস্তাব প্রস্তুতকরণ | • বাংলাদেশে পানির উৎসে দূষণের কারণ ব্যাখ্যা করতে পারবে<br>• পানিদূষণের প্রভাব বিশ্লেষণ করতে পারবে<br>• পানিদূষণ প্রতিরোধের কৌশল ও নাগরিকের দায়িত্ব বর্ণনা করতে পারবে<br>• পানির উৎস সংরক্ষণের প্রয়োজনীয়তা ও কৌশল বর্ণনা করতে পারবে | • নিকটবর্তী এলাকার পানির উৎসগুলোর একটি তালিকা প্রস্তুত করে এর যেকোন একটি উৎসের পানিদূষণের কারণগুলো উল্লেখ করা<br>• উপরোক্ত উৎসের পানিদূষণের কারণে উদ্ভিদ, প্রাণী ও মানুষের উপর এর প্রভাবগুলো বিশ্লেষণ করা<br>• নিজ এলাকার পানির উৎসগুলোকে দূষণমুক্ত রাখতে সুপারিশ প্রস্তাব প্রস্তুত করা | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) |

| নির্দেশনা | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| উপযুক্ত তালিকা তৈরিসহ পানিদূষণের কারণগুলো চিহ্নিতকরণ | সঠিক উৎস তালিকা তৈরি এবং যথাযথ যৌক্তিক কারণ উপস্থাপন | সঠিক উৎস তালিকা তৈরি এবং অধিকাংশ যৌক্তিক কারণ উপস্থাপন | আংশিক উপস্থাপন | যেকোন একটি তথ্যের সঠিক উপস্থাপন | |
| উদ্ভিদ, প্রাণী ও মানুষের উপর পানিদূষণের যথাযথ প্রভাব বিশ্লেষণ | পানিদূষণের প্রভাবগুলো যথাযথ উপস্থাপন | অধিকাংশ প্রভাব উপস্থাপন | প্রভাবসমূহের আংশিক উপস্থাপন | একটি প্রভাব উপস্থাপন | |
| পানির উৎস গুলোকে দূষণমুক্ত রাখতে যথাযথ সুপারিশ প্রস্তাব প্রণয়ন | যথাযথ ও যৌক্তিক সুপারিশ উপস্থাপন | অধিকাংশ সুপারিশ উপস্থাপন | সুপারিশ সমূহের আংশিক উপস্থাপন | একটি সুপারিশ উপস্থাপন | |
| | | | | মোট- | |
| | | | | বরাদ্দকৃত নম্বর- ১২ | |
| বি.দ্র. যথাযথ= ৮০% - ১০০% সঠিক, অধিকাংশ=৭০% - ৭৯% সঠিক এবং আংশিক= ৬৯% - ৫০% সঠিক | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১০-১২ | অতি উত্তম |
| ৮-৯ | উত্তম |
| ৬-৭ | ভালো |
| ০-৫ | অগ্রগতি প্রয়োজন |